মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান আজ শুক্রবার সকালে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় গণসংযোগ করেছেন।

গণসংযোগকালে তিনি পথচারী, দোকানদারসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের সার্বিক খোঁজখবর নেন।

এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, আনসারুল হক, হাফিজুর রহমান হাফী, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দসহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের অন্যান্য নেতাকর্মীরা।

গণসংযোগ চলাকালে দলীয় নেতারা বলেন, “দেশের জনগণের ভোট ও ভাতের অধিকারের আন্দোলনে বিএনপি সবসময় জনগণের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে।”

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ শুক্রবার দুপুরের দিকে তার উত্তরপাড়ার বাড়িতে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তবে, কি মামলায় গ্রেফতার করা হয়েছে এখনো জানাননি তিনি। তার বিরুদ্ধে মামলাগুলো যাচাই বাছাই করার পর সিদ্ধান্ত নেয়া হবে বলে জানান ওসি।

যুবলীগ নেতা শফি কামাল পলাশ গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রভাষক।

জানা গেছে, জুলাই আগষ্ট বিপ্লবের পর শফি কামাল পলাশ দীর্ঘদিন গা ঢাকা দিয়ে চলছিলো। তার বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর হামলাসহ বেশ কয়েকটি মামলা হয়েছে।

শফি কামাল পলাশ বর্তমানে গাংনী থানা পুলিশের হেফাজতে রয়েছেন।

এনটিভির ২৩ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে ব্যতিক্রমী আয়োজন

দেশের জনপ্রিয় বেসরকারি টেলিভিশন চ্যানেল এনটিভির ২৩ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে আয়োজন করা হয় এক ব্যতিক্রমধর্মী অনুষ্ঠান। গতকাল বুধবার দুপুরে গাংনী উপজেলার ঢেপা গ্রামের এতিমখানা ও মাদ্রাসায় এ আয়োজন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, জেলা জামায়াতে ইসলামীর আমির ও মেহেরপুর ১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান, মেহেরপুর —২ গাংনী আসনে জামায়াতের প্রার্থী নাজমুল হুদা, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আখেরুজ্জামান এবং গাংনী পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলার কর্মরত সাংবাদিক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও গ্রামের মুরুব্বিরা। কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

বক্তব্যে আমন্ত্রিত অতিথিরা এনটিভির ২৩ বছরের পথচলায় বস্তুনিষ্ঠ

ও নির্ভুল সংবাদ পরিবেশনের ভূয়সী প্রশংসা করেন। তারা বলেন, “এনটিভি দেশের মানুষের আস্থার প্রতীক হয়ে উঠেছে, কারণ তারা সব সময় সঠিক সংবাদ পরিবেশনে আন্তরিকতা দেখিয়েছে।”

আলোচনার পর অতিথিরা মাদ্রাসার শিক্ষার্থী ও স্থানীয় মুরুব্বিদের সঙ্গে একসঙ্গে মধ্যাহ্নভোজে অংশ নেন। শিক্ষার্থীরা অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করে এবং এমন আয়োজনে নিজেদের আনন্দ প্রকাশ করে।

গ্রামের মুরুব্বিরাও জানান, এতিম শিক্ষার্থীদের সঙ্গে এমন আয়োজনে এনটিভির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অত্যন্ত মানবিক এবং প্রশংসনীয় একটি উদ্যোগ।

মেহেরপুরে কারাগার বন্দি হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি

মেহেরপুর জেলা কারাগারে রাখা সদর উপজেলার আমঝুপির রেজাউল হকের ছেলে কাউসার (৫৭) আজ বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

কাউসারের স্বাস্থ্য সংক্রান্ত বিস্তারিত এখনো জানা যায়নি, তবে কর্মকর্তারা জানিয়েছেন, তার অবস্থা বর্তমানে স্থিতিশীল রয়েছে এবং পর্যবেক্ষণে রাখা হয়েছে।

মেহেরপুরে এফডিইবি সদস্যদের

প্রীতি সমাবেশ ও জুলাই শহীদদের জন্য দোয়া অনুষ্ঠান

“সমৃদ্ধ দেশ গড়ার হাতিয়ার, সৎ ও দক্ষ ইঞ্জিনিয়ার” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফডিইবি) সদস্যদের নিয়ে প্রীতি সমাবেশ ও জুলাই আন্দোলনের শহীদদের মাগফেরাত কামনায় দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর আলহেরা একাডেমির হলরুমে এই আয়োজন করা হয়।

ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফইডিইবি) কেন্দ্রীয় কমিটির ছাত্র বিষয়ক সম্পাদক ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি প্রকৌশলী মোহাম্মদ মাসুদ পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, এফডিইবি’র মেহেরপুর জেলা শাখার প্রধান উপদেষ্টা মাওলানা তাজ উদ্দিন খান।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ইন্সটিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (আইডিইবি) অন্তর্বর্তীকালিন কেন্দ্রীয় কমিটির সদস্য (জনসংযোগ ও প্রচার) প্রকৌশলী মোহাম্মদ মোস্তফা কামাল।

এফডিইবি মেহেরপুর জেলা সেক্রেটারি প্রকৌশলী রাশিদুল ইসলাম বোরহানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জুলাই আন্দোলনের সৈনিক আব্দুস সালাম, মাওলানা মাহবুব উল আলম। অনুষ্ঠানে কোরআন তেলোওয়াত ও ইসলামিক সংগীত পরিবেশন করেন আবু হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজ উদ্দিন খান বলেন, প্রকৌশলীদের সৎ ও যোগ্য হতে হবে। একটি দেশের উন্নয়নে প্রকৌশলীরা সর্বাত্মক ভূমিকা পালন করে থাকে। যেহেতু তারা দেশ উন্নয়নে কাজ করে তাই তাদেরকে আখেরাতের জন্য নিজেদেরকে প্রস্তুত করতে হবে ।

পাটের ভরা মৌসুমে মুজিবনগর পাট অফিস বন্ধ

একসময়ের সোনালী আঁশ খ্যাত পাট। পাটের সেই সোনালী অতীত না থাকলেও এখনো অনেক কৃষকই ধরে রেখেছে এই আবাদ পাট চাষীদের নিয়ে কাজ করে মুজিবনগর উপজেলায় একটিমাত্র অফিস উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যেটি মুজিবনগর উপজেলা পরিষদের ঠিক বিপরীতে অবস্থিত। গত ৩ দিন ধরে পর্যবেক্ষণ করে দেখা গেছে তালা খোলা হয়নি এই অফিসের।

গতকাল বুধবার দুপুরে উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রাশেদুল ইসলামকে ফোনে যোগাযোগ করলে তিনি বলেন গতকাল বুধবার তিনি ছুটিতে আছেন এবং গত মঙ্গলবার তিনি জেলা পাট কর্মকর্তার সাথে ছিলেন। এই অফিসের অফিস সহকারীর বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, তিন দিন যাবত তিনি ছুটিতে আছেন। অফিস সহকারীকে মোবাইল ফোনে কয়েকবার যোগাযোগ করলেও পাওয়া যায়নি। নিয়মমাফিক অফিস না করার বিষয়ে উপসহকারী পাট কর্মকর্তা রাশেদের বিরুদ্ধে এই অভিযোগ আজ নতুন নয়। নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন কৃষক পাটের বীজ সার সহ প্রণোদনা ও প্রশিক্ষণে পক্ষপাতিত্যের অভিযোগ তোলেন ।

গত কয়েক বছর পাটের দাম আশানুরূপ না পেলেও এবছর কাঙ্খিত দামের আশা করছেন মুজিবনগর এর চাষিরা। তারা বলছেন ছোটো খাটো সমস্যা নিয়ে আসলে পাওয়া যায় না এই কর্মকর্তা কে।

এ বিষয়ে জেলা পাট উন্নয়ন কর্মকর্তা বলেন তাদের ছুটির বিষয়ে তিনি কোন কিছু জানেন না। বিনা অনুমতিতে অফিস না করায় তাদেরকে শোকজ করা হবে।

জেলায় মোট পাটের আবাদ হয়েছে ১৭৬৫৫ হেক্টর জমিতে এর মধ্যে মুজিবনগরে আবাদ হয়েছে ২৫০০ হেক্টর জমিতে।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নবনির্বাচিত সদস্যরা আজ বুধবার আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন।
দুপুরে ব্যাংকের কার্যালয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে তারা দায়িত্বভার গ্রহণ করেন।

গত ২৮ জুন অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি পদে মোহা. হাফিজুর রহমান ও মোঃ আবু তালেব বিদা প্রতিদ্বন্দ্বিতায় সহ-সভাপতি পদে নির্বাচিত হন।

সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন দুইজন সদস্য মো. শহীদুল্লাহ এবং এস. এম. ফয়েজ।

দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নির্বাচন কমিটির সভাপতি মো. মাহবুবুল হক এবং সদস্য মো. জামিয়ে আলম ও মো. সাইফুর রহমান, কমিটির সাবেক সভাপতি নূরুল ইসলাম প্রমুখ।

নতুন কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা ও শুভকামনা জানানো হয়।

মেহেরপুরে জেলা বিএনপি’র মতবিনিময় সভা

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল ৫টায় জেলা বিএনপির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদসহ আহ্বায়ক কমিটির অন্যান্য নেতৃবৃন্দ।

মতবিনিময় সভায় সদর উপজেলা বিএনপি, পৌর বিএনপি ও জেলা বিএনপির সম্মেলন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

পাশাপাশি, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড থেকে ইউনিয়ন পর্যন্ত দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধ করে সংগঠনকে আরও শক্তিশালী করার আহ্বান জানানো হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক পেরেশান গ্রেফতার

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানকে গ্রেফতার করেছে ঢাকা গোয়েন্দা পুলিশের একটি টিম।

মঙ্গলবার রাতে ঢাকা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

পেরেশানের চাচাত ভাই রেজাউর রহমান নান্নু জানান, ঢাকা থেকে তাকে গোয়েন্দা পুলিশ গ্রেফতার করেছে । তবে কোন মামলায় গ্রেফতার করেছে বা তাকে আদালত তোলা হয়েছে কিনা জানতে পারা যায়নি বলে তিনি জানান।

মুজিবনগরে কৃষক পর্যায়ে প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের উদ্বোধন

মুজিবনগরে ২০২৪-২৫ অর্থবছরে রোপা আমন, শাকসবজি, গ্রীষ্মকালীন পেঁয়াজ, ক্ষতিগ্রস্ত কলা, এয়ার ফ্লো মেশিন ও পেঁয়াজ বীজ উৎপাদনের জন্য পেঁয়াজ বীজ (কন্দ) কৃষক পর্যায়ে প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে উপজেলা পরিষদ চত্বরে মুজিবনগর উপজেলা প্রশাসন ও মুজিবনগর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন এর সভাপতিত্বে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা তারিক আজিজ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স।
২০২৪-২৫ অর্থবছরের উপজেলার ১১শত ৩০ জন প্রান্তিক কৃষক কে ৫ কেজি ধান বীজ, ডিএপি ১০ কেজি এবং ১০ কেজি এমওপি সার বিনামূল্যে প্রদান করা হয়েছে।

কৃষি প্রণোদনার আওতায় পেঁয়াজ এর উৎপাদন বাড়াতে এবং পেঁয়াজ সংরক্ষণের জন্য ৩ হাজার প্রান্তিক চাষীকে ১ কেজি করে পেয়াজ বীজ, ডিএপি সার ২০ কেজি, এমওপি সার ২০ কেজি এবং ১ কেজি বালাইনাশক প্রদান করা হয়েছে। এছাড়া পেঁয়াজ সংরক্ষণের জন্য ৩০ জন চাষীকে এয়ার ফ্লো মেশিন প্রদান করা হয়েছে।

দেশীয়ভাবে পেঁয়াজের বীজ (কন্দ) উৎপাদনের জন্য কৃষি প্রণোদনার আওতায় ৫০ জন পেঁয়াজ বীজ চাষীকে ১৬০ কেজি করে বীজ পেঁয়াজ, ২০ কেজি ডিএপি, ২০ কেজি এমওপি সার এবং ১ কেজি বালাইনাশক প্রদান করা হয়েছে।

এছাড়া উপজেলায় শাকসবজির উৎপাদন বাড়াতে ২শত ২৫গ্রাম করে ৫ রকমের শাক সবজির বীজ, ৫ কেজি ডিএপি এবং ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়েছে।

পুনর্বাসন কর্মসূচির আওতায় কালবৈশাখী ঝড়ে ক্ষতিগ্রস্ত ১হাজার কলা চাষীদের মাঝে ১০ কেজি ইউরিয়া, ২০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি, ১ কেজি দস্তা, ১ কেজি বোরণ এবং ২ কেজি কীটনাশক বিতরণ করা হয়েছে।